দৈনিক
ইত্তেফাক

তারিখ 8 NOV 2012
পৃষ্ঠা ২৪ কলাম ২

উপজেলা ও থানায় নিয়োগ পাচ্ছেন ১৫ হাজার পুল শিক্ষক

■ ইত্তেফাক রিপোর্ট

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে, উপজেলা বা থানাভিত্তিক শিক্ষক পুল গঠনে সুপারিশকৃত ১৫ হাজার ১৯ জনকে সহকারী শিক্ষক পদে নিয়োগ দেয়া হচ্ছে। জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ের সম্মতি পেলেই শিক্ষক পুল গঠনের জন্য সুপারিশকৃত প্রার্থীদের সহকারী শিক্ষক হিসেবে নিয়োগ দেয়া হবে বলে মন্ত্রণালয় সূত্র জানিয়েছে।

বর্তমানে ৩৭ হাজার ৬৭২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এক লাখ ৮০ হাজার সহকারী শিক্ষক রয়েছেন। এই শিক্ষকদের বিপরীতে ১০ শতাংশ হারে ১৮ হাজার লিভ রিজার্ভ পদ সৃষ্টির জন্য সুপারিশ করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

মন্ত্রণালয় জানিয়েছে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকের ছুটি ও প্রশিক্ষণজনিত কারণে সাময়িক ঘাটতি পূরণের জন্য লিভ রিজার্ভ পদ সৃষ্টি করা হচ্ছে। সহকারী শিক্ষকদের বিদ্যমান পদের বিপরীতে ১০ শতাংশ লিভ রিজার্ভ পদ সৃষ্টি করে এদের নিয়োগ দেয়া হবে।

মন্ত্রণালয় জানিয়েছে, লিভ রিজার্ভ পদ সৃষ্টির জন্য প্রাথমিক শিক্ষক পুল নীতিমালা তৈরি করে সম্মতির জন্য তা জনপ্রশাসন মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।

নীতিমালায় বলা হয়েছে, লিভ রিজার্ভ অর্থাৎ মাতৃত্বকালীন ছুটি, উচ্চ শিক্ষার জন্য ছুটি, হজ্ব ও তীর্থযাত্রা এবং চিকিৎসা ও প্রশিক্ষণজনিত কারণে সাময়িকভাবে শিক্ষকদের পদ শূন্য হয়। পুলে দায়িত্ব পাওয়ার পর প্রত্যেক শিক্ষক ৬ হাজার টাকা করে মাসিক বেতন পাবেন এবং তারা প্রাথমিক শিক্ষক পুল ব্যবস্থাপনা কমিটির পৃষ্ঠা ২ কলাম

উপজেলা ও থানায়

২৪ পৃষ্ঠার পর

নিয়ন্ত্রণে থাকবেন। উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং থানার ক্ষেত্রে জেলা প্রশাসক মনোনীত একজন অতিরিক্ত জেলা প্রশাসক ব্যবস্থাপনা কমিটির সভাপতির দায়িত্ব পালন করবেন। চলতি বছরের ১৪ আগস্ট ১২ হাজার ৭০১ জনকে সহকারী শিক্ষক হিসেবে নিয়োগ দেয়া হয়।